আল-কায়েদা কখনোই ভুলের শিকার হয়নি, বিষয়টি এমন নয়। তবে স্বেচ্ছায় এবং জ্ঞাতসারে আল-কায়েদা তা করে না। সন্দেহ নেই, কোনও কোনও সময় ভুল করা স্বত্বেও সাওয়াব অর্জিত হয়।

২. খেলাফতের ঘোষণা:

খেলাফত সহীহ হওয়ার ক্ষেত্রে আল-কায়েদা আহলে সুন্নাহর নীতিমালা অনুসরণ করে। যেমন তামকিন (সক্ষমতা), আহলুল হাল ওয়াল আকদের দিকনির্দেশনায় উম্মাহকে খলীফা নির্বাচনের স্বাধীনতা প্রদান ইত্যাদি।

খাওয়ারেজুদ দাওলাহ (আইএস) এসব শর্তের পরোয়া করেনি। পরিপূর্ণ তামকিন তথা সক্ষমতা অর্জন ছাড়াই তারা খেলাফত ঘোষণা করেছে এবং এক্ষেত্রে আহলুল হাল ওয়াল আকদের মতামত তারা গ্রহণ করেনি। যারা বাগদাদীকে খলীফা বানিয়েছে তারা উম্মাহর প্রতিনিধি নয় এবং তারা কোনও কালে অনুসরণীয় ব্যক্তি ছিল না। ইমামতে উযমা তথা খলিফা নির্বাচনের ক্ষেত্রে শরীয়তের বিধান নিয়ে এই হলো তাদের অবহেলা ও অবজ্ঞার চিত্র।

আল-কায়েদা মনে করে, যে অঞ্চলে খেলাফত ঘোষণা করা হয়েছে সেখানে শত্রুদের ব্যাপক প্রভাব রয়েছে। তারা মুসলিমদের যে কোনও উত্থানের বিরুদ্ধে জোরালো অবস্থান গ্রহণ করতে পারছে। তাই সেখানে প্রকৃত তামকিন তথা সক্ষমতা অনুপস্থিত। সুতরাং যেখানে উম্মাহর কর্তৃত্ব নেই সেখানে খেলাফত প্রতিষ্ঠা হয় কীভাবে!

উপরন্ত খেলাফত ঘোষণার পর উম্মাহ শাসিত হচ্ছে এমন সব দুরাচারীদের মাধ্যমে, যারা উম্মাহর স্বার্থের প্রতি ভ্রুক্ষেপ করে না। তাইতো তাদের ওখানে আহলুল হাল ওয়াল আকদের অস্তিত্ব নেই। সুতরাং খলীফা নির্বাচিত হয় কীভাবে!

সহীহ হাদিসে বর্ণিত হয়েছে,

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ بَكَّارٍ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَيَّاشٍ قَالَ: حَدَّثَنَا شُعَيْبٌ قَالَ: حَدَّثَنِي أَبُو الزِّنَادِ، مِمَّا حَدَّثَهُ عَبْدُ الرَّحْمَنِ الْأَعْرَجُ، مِمَّا ذَكَرَ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يُحَدِّثُ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّمَا الْإِمَامُ جُنَّةٌ يُقَاتَلُ مِنْ وَرَائِهِ وَيُتَّقَى بِهِ، فَإِنْ أَمَرَ بِتَقْوَى اللَّهِ وَعَدَلَ فَإِنَّ لَهُ بِذَلِكَ أَجْرًا، وَإِنْ أَمَرَ بِغَيْرِهِ فَإِنَّ عَلَيْهِ وِزْرًا»

অর্থঃ "আবু হুরায়রা রাদিয়াল্লাহু সূত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিতঃ

তিনি বলেনঃ ইমাম ঢাল সদৃশ, যার আড়ালে লোকে যুদ্ধ করে এবং তার দ্বারা পরিত্রাণ লাভ করে। যদি ইমাম আল্লাহ্র ভয়ের আদেশ করে এবং ইনসাফের সাথে আদেশ করে, তবে এর জন্য তার সওয়াব রয়েছে। আর যদি এর অন্যথা করে, তবে তার উপর এর পরিণতি বর্তাবে"। (সুনানে আন-নাসায়ী - ৪১৯৬)।

তাই ভাবতেও অবাক লাগে, পালিয়ে বেড়ানো তথাকথিত খলিফা যিনি নিজের নিরাপত্তা দিতে ব্যর্থ, তিনি কিভাবে দেড় বিলিয়ন মুসলিমের নিরাপত্তা নিশ্চিত করবেন!

খলীফা নির্বাচনের অধিকার উম্মাহর। এ মর্মে উমর রাদিয়াল্লাহু তায়ালা আনহু'র বাণী বুখারি শরীফে নিম্নরূপ বর্ণিত হয়েছে।

"আমার কাছে একথা পৌঁছেছে যে, তোমাদের কেউ একথা বলেছে যে, আল্লাহর কসম! যদি উমর মারা যায় তাহলে আমি অমুকের হাতে বাইআত দিবো। কেউ যেন একথা বলে ধোঁকায় না পড়ে যে, আবু বকরের বাইআত ছিল আকস্মিক ঘটনা তবুও তা সংঘটিত হয়ে হয়েছে। জেনে রেখো! তা অবশ্যই এমন ছিল, তবে আল্লাহ এ বাইআতের ক্ষতি প্রতিহত করেছেন। তোমাদের কেউ আবু বকর রাযি. এর মর্যাদায় পৌঁছাতে পারবে না। যে কেউ মুসলিমদের পরামর্শ ছাড়া কোনও লোকের হাতে

বাইআত দিবে, তার অনুসরণ করা যাবে না। ওই লোকেরও না, যে তার অনুসরণ করবে। কেননা উভয়েরই হত্যার শিকার হওয়ার আশংকা রয়েছে।

৩. আস সিয়াসাতুশ শারইয়্যাহ: ইসলামী রাষ্ট্রনীতি

এ ক্ষেত্রে আল-কায়েদা এমন ভাষা ব্যবহার করে যা সর্বসাধারণের পক্ষে বোঝা সহজ এবং কর্মতৎপরতার জন্য এমন নীতি গ্রহণ করে যা সর্বসাধারণের রুচিবোধ ও বিবেকের সাথে মানানসই। যথাসম্ভব এমন সব বিষয় থেকে দূরে থাকে যা মানুষকে স্বজাতিদের প্রতি বীতশ্রদ্ধ করে তোলে।

আল-কায়েদার বিশ্বাস, সর্বসাধারণকে ব্যাপকভাবে জিহাদে অংশগ্রহণ করানো না গেলে চূড়ান্ত বিজয় সম্ভব হয়ে উঠবে না। এপথেই আল-কায়েদা চেষ্টা করে যাচ্ছে। পাশাপাশি সম্ভাব্য সকল উপায়ে উম্মাহকে বুঝানোর চেষ্টা করছে যে, পরিবর্তন আনতে হলে জিহাদের বিকল্প নেই।

উম্মাহর সন্তানদের মাঝে শরিয়তের জ্ঞান কম থাকার বিষয়টি আল-কায়েদা সর্বদা বিবেচনায় রাখে। যে সকল বিষয় বৈধ হওয়া সত্ত্বেও মানুষকে জিহাদ-বিমুখ করতে পারে বলে ধারণা হয়, সেগুলো আল-কায়েদা পরিহার করে। অপরদিকে আইএসকে ঠিক এর উল্টোটি করতে দেখা যায়। বক্তব্যের ক্ষেত্রে তারা এমন দুর্বোধ্য কৌশল গ্রহণ করে যা সর্বসাধারণ বুঝতে সক্ষম নয়। আর কাজের ক্ষেত্রে তাদের নীতি মানুষকে জিহাদবিমুখ করে তোলে। যেমন- আগুনে পুড়িয়ে হত্যা করা, পানিতে ডুবিয়ে হত্যা করা, উঁচু স্থান থেকে ফেলে দিয়ে হত্যা করা। এ সকল কর্মকাণ্ড মানুষকে শুধু জিহাদবিমুখই করে না বরং এগুলো শরিয়ত বিরোধীও।

শরিয়ত সর্বক্ষেত্রে মানুষকে দয়া ও অনুগ্রহশীল হওয়ার আদেশ করে। মুসলিম সহ অন্যান্য হাদিসে এসেছে –

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ، عَنْ خَالِدٍ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ أَبِي الْأَشْعَثِ، عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ قَالَ: اثْنَتَانِ حَفِظْتُهُمَا عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ اللَّهَ كَتَبَ الْإِحْسَانَ عَلَى كُلِّ شَيْءٍ، فَإِذَا قَتَلْتُمْ فَأَحْسِنُوا الْقِتْلَةَ، وَإِذَا ذَبَحْتُمْ فَأَحْسِنُوا الذِّبْحَةَ، وَلْيُحِدَّ أَحَدُكُمْ شَفْرَتَهُ، وَلْيُرِحْ ذَبِيحَتَهُ»

অর্থঃ “শাদ্দাদ ইবনে আউস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিতঃ

তিনি বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে দু'টি বিষয় স্মরণ রেখেছি। তিনি বলেছেন, আল্লাহ তা'আলা প্রত্যেক বস্তুর প্রতি সদয় আচরণ (ইহসান করা) ফরয করেছেন। অতএব তোমরা যখন কাউকে হত্যা করবে, তখন উত্তমরূপে হত্যা করবে। আর যখন কোন জন্তু যবেহ করবে, তখন উত্তম পন্থায় যবেহ করবে এবং তোমাদের প্রত্যেকে যেন ছুরি ধার দিয়ে নেয়। আর যবেহকৃত পশুকে ঠান্ডা হতে দেয়"। (সুনানে আন-নাসায়ী - ৪৪০৫)

এখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মানুষকে হত্যা করার ক্ষেত্রে এবং পশু জবেহের ক্ষেত্রে দয়াশীল হওয়ার আদেশ করেছেন। আর আইএস বেশি কষ্ট দেয়ার জন্য পাশবিক ও নির্মমভাবে হত্যা করে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুসলা করতে (নিহত ব্যক্তির নাক-কান ইত্যাদি কাটতে) নিষেধ করেছেন। আর বাগদাদীর দল হত্যার পর মাথাকে দেহ থেকে বিচ্ছিন্ন করে তার ছবি গর্বের সঙ্গে প্রচার করে।

তাদের অনেকে দাহ্য পদার্থ দিয়েও মানুষ হত্যা করেছে। সুতরাং রাসূলের শরিয়ত কোথায় আর তারা কোথায়? তারা কি এসব পন্থায় শরিয়ত প্রতিষ্ঠা করছে?!

৪. রণকৌশল:

আল-কায়েদা স্থানীয় শাসকদের পরিবর্তে বহিঃশত্রু তথা আমেরিকার বিরুদ্ধে লড়াই করাকে প্রাধান্য দেয়। আত্মরক্ষার্থে বা এদেরকে (স্থানীয় শাসকবর্গকে) শায়েস্তা করা জরুরি হয়ে পড়লেই কেবল আঞ্চলিক তাবেদারদের সাথে লড়াই করে।

বহিঃশত্রু হচ্ছে মূল চালিকাশক্তি। স্থানীয় সরকারগুলো তাদের স্বার্থ রক্ষার হাতিয়ার। বহিঃশত্রুর সাহায্য ছাড়া এরা নিতান্তই দুর্বল। বহিঃশত্রুকে হামলার লক্ষ্যবস্তু বানানোর রহস্য এখানেই।

অপরদিকে আইএসের মনোযোগের কেন্দ্রবিন্দুতে রয়েছে স্থানীয় শত্রুরা। নির্বোধের মতো তারা ভাবছে, তারা এমন কিছু করতে পেরেছে যা পূর্ববর্তীরা পারেনি। কে জানে, হয়তো তারা ভাবছে, আমেরিকার সাথে জিহাদে না জড়িয়ে স্থানীয় শত্রুদের নিয়ে ব্যস্ত থাকলে আমেরিকা তাদেরকে ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠায় বাধা দেবে না!!

বাস্তবতাকে গভীরভাবে পর্যবেক্ষণ না করাই তাদের নির্বুদ্ধিতার কারণ। টিনের চশমাটা খুলে যদি ডানে-বামে একটু তাকাত তাহলে তারা বুঝতে পারত যে, গোটা

পৃথিবী ইহুদি ও খৃস্টানদের যৌথ সিস্টেমে আবদ্ধ। যে কেউ এই সিস্টেম থেকে বেরিয়ে আসতে চায় সে তাদের দৃষ্টিতে বিরাট হুমকি হয়ে দাঁড়ায়।

আশাকরি এমন চিন্তা কেউ করবে না যে, তারা তাদের মোড়লগিরীর শৃঙ্খল ভাঙ্গাতেও নিশ্চুপ হয়ে থাকবে। এমন চিন্তা কেবল সেই করতে পারে যার মাথায় আইএসের মগজ ঢুকানো হয়েছে।

অবশ্য আমেরিকার প্রতি আইএসের সুধারণা যে ভুল ছিল তা বুঝতে তাদের খুব বেশি অপেক্ষা করতে হয়নি। তারা নিজেদের তথাকথিত খেলাফত সারা দুনিয়ায় ছড়িয়ে দিতে চেয়েছিল। আর এখন তাদের খেলাফতের ধ্বংসাবশেষটুকুই কেবল অবশিষ্ট আছে। আর এই তথাকথিত খেলাফত অস্তিত্বের সংকটের মুখে পড়েছে।

পরিশিষ্ট

যারা বলেছিল যে, আইএস সৃষ্টির পেছনে সি.আই.এ সহ আরও কিছু ইন্টেলিজেন্স সার্ভিসের হাত আছে, তারা খুব মন্দ বলেনি। আমার বক্তব্যের উদ্দেশ্য এই নয় যে, এসব গোয়েন্দা বাহিনী আইএসকে সৃষ্টি করেছে। আমি কেবল বলতে চাচ্ছি, এরা আইএসের আত্মপ্রকাশে সাহায্য করেছে এবং উপযুক্ত পরিবেশ গড়ে দিয়েছে।

তারা কেন আইএসকে সাহায্য করেছিল? কয়েকটি কারণ নিম্নরূপ

- আইএসের প্রধান টার্গেট স্থানীয়রা, আমেরিকা নয়। আর আল-কায়েদার প্রধান টার্গেট আমেরিকা, স্থানীয়রা রয়েছে দ্বিতীয় স্থানে।

- আইএসের কর্মকাণ্ড মানুষের সামনে জিহাদকে বিকৃত করে তুলে, জিহাদবিমুখ করে, আর এটি মূলত আমেরিকা ও যারা জিহাদ ও মুজাহিদদেরকে ধ্বংস করতে চায় তাদের এজেন্ডা বাস্তবায়ন করছে।

- আইএস নিজেদের সদস্য ও সৈনিকদের ব্যাপারে যত্নবান নয়। আইএস নিজ সেনাদেরকে অনেক সময় নিরর্থক যুদ্ধের ময়দানে ঠেলে দেয়, ফলে ব্যাপক প্রাণহানি ঘটে। কুবানী, বাইজী ও ইত্রাদি অঞ্চলে এমনটিই দেখা গেছে। আর মসুলে তো তারা নিজেরাই নিজেদের সেনাভর্তি সাজোয়া যান বোমা মেরে উড়িয়ে দিয়েছে।

৯. ইয়েমেনের ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট আলী আব্দুল্লাহ সালেহের সাথে আল-কায়েদার কোনো সম্পৃক্ততা আছে কি?

উত্তর : প্রশ্নটি নিতান্তই হাস্যকর। তবে এ ধরনের অপপ্রচারকে সত্য বলে বিশ্বাসকারী কিছু লোকও আছে, তাই আমাকে এমন একটি অন্তঃসারশূন্য প্রশ্নেরও উত্তর দিতে হবে। আমরা এমন এক যুগে বাস করছি যেখানে দিবালোকের ন্যায় সুস্পষ্ট বিষয়কেও ব্যাখ্যা করে বুঝাতে হয়। যদি বিবেকবানরা একটু বিবেক খাটাত তাহলে বিষয়টি বুঝতে মোটেও বেগ পেতে হতো না।

এ প্রশ্নের উত্তরে কাকতালীয়ভাবে ঘটে যাওয়া একটি ঘটনা বলব। আশাকরি এর মাধ্যমে প্রশ্নটির বাতুলতা প্রকাশ পাবে।

সালেহের বিরুদ্ধে ইয়েমেনে বিদ্রোহ শুরু হওয়ার আগের কথা। আমি কথা বলছিলাম এক ভার্সিটির ছাত্রের সাথে। তার অধ্যয়নের বিষয় ছিল উলুমে শরিয়াহ। উক্ত ভাই সালেহের ভক্ত ছিল। তিনি সালেহের পক্ষে বলছিলেন। আমি জিহাদি চেতনায় উজ্জীবিত বিধায় তাকে সালেহের বিরুদ্ধে জিহাদ করতে উৎসাহিত করছিলাম। এক পর্যায়ে আমি বললাম, 'সালেহের জুলুম ও পাপাচারের কারণে আমি তাকে ঘৃণা করি'। তখন সে আবেগতাড়িত হয়ে বলল, أحبه فى الله আমি সালেহকে আল্লাহর জন্য ভালবাসি। অতঃপর সে তার এক শাইখের কাছে মাসআলা জিজ্ঞেস করে। শাইখ তাকে বললেন, 'সালেহকে আল্লাহর জন্য ভালবাসি' বলা সঠিক হয়নি। এর কিছুদিন পর সালেহ সরকার আমাকে গ্রেফতার করতে সক্ষম হয়। জেলের এক সেলে আমাকে থাকতে হয়েছে কয়েক বছর। বিদ্রোহের পর আমি জেল থেকে বেরিয়ে আসি। ঘটনা একের পর এক ঘটতে থাকে। সালেহ রাফেজীদের সাথে জোট বাধে এবং রাফেজী-শিয়ারা ইয়েমেনে কর্তৃত্ব বিস্তার করে। মানুষ দলে দলে তাদের বিরুদ্ধে লড়াইয়ে অংশগ্রহণ করে। আমি এবং আমার সেই ইউনিভার্সিটির ভাইও লড়াইকারীদের মাঝে ছিলাম।

পরবর্তী সময়ে হঠাৎ একদিন এই ভাইয়ের সাথে আমার সাক্ষাত হয়। তাকে দেখতে পেলাম সে এই বলে প্রচারণা চালাচ্ছে যে, আল-কায়েদা তলে তলে সালেহের মিত্র!

সুবহানাল্লাহ! যারা কিছুদিন পূর্বে সালেহের মিত্র ছিল তাদেরকে তিনি শত্রুতে পরিণত করলেন। আর আমরা কিনা হয়ে গেলাম সালেহের মিত্র!

যারা কিছুদিন পূর্বে সালেহের সেবায় নিয়োজিত ছিল, যারা নিপুণভাবে তার নির্দেশাবলী বাস্তবায়ন করেছে এবং বিনিময়ে পেয়েছে অঢেল ধন-সম্পদ, সেই তারাই আজ আমাদেরকে বলছে সালেহের মিত্র। অথচ তারা যখন সালেহ সরকারের পয়সায় বিলাসিতায় মত্ত, তখন আমাদেরকে থাকতে হয়েছে কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে, পাহাড়ে, জঙ্গলে।

সালেহ এর আল-কায়েদা বলতে তারা যা বুঝায়, আসলে এর কোনও অস্তিত্ব নেই। যারা এমন প্রচারণা চালাচ্ছে তারা মিথ্যাচার করছে।

অবশ্য এতে আশ্চর্যের কিছু নেই। তারা তো মাকিয়াভেল্লি কূটরাজনীতিতে বিশ্বাসী। যার বক্তব্য হলো The End Justifies the means. অর্থাৎ কোনও কাজ নৈতিক না অনৈতিক তা নির্ভর করে ফলাফলের উপর। সুতরাং তাদের মতে উদ্দেশ্য হাসিলের জন্য চুরি করতেও বাধা নেই। যাইহোক এই কূটরাজনীতিই সালেহকে দায়মুক্তি ও রাজনৈতিক নিরাপত্তার দিয়েছে এবং বিচার ও শাস্তির হাত থেকে রক্ষা করেছে। তবে অস্বীকার করার উপায় নেই যে, সালেহ অত্যন্ত ধুরন্ধর ও কূটবুদ্ধিতে পটু। এই অতিবুদ্ধি তাকে হুথিদের পদতলে নিক্ষেপ করেছে, হুথিদের অনুগ্রহে সে এখন চরম লাঞ্চনাকর অবস্থায় বেঁচে আছে।

বাস্তবেই যদি ‘কায়েদাতু আফফাশ’ তথা সালেহের মিত্র বলে কোনও আল-কায়েদা থাকত আর তারা আল-কায়েদার নামে সালেহের সাথে মিত্রতার মতো ঘৃণ্য কাজ করত এবং আল কায়েদার ব্যানারে ধ্বংসাত্মক কর্মকাণ্ড চালাতো তাহলে কি আল কায়েদা নীরব থাকত? আল-কায়েদা কি এদের অনুসরণ না করার ব্যাপারে তাদের স্পষ্ট বার্তা প্রকাশ করে নিজেদের অবস্থান পরিষ্কার করত না!?

আইএস যখন সানার মসজিদে বিস্ফোরণ ঘটিয়েছিল তখন আল-কায়েদা নিজের অবস্থান স্পষ্ট করেছে। আল-কায়েদার নেতৃবৃন্দ ঘোষণা করেন যে, আল-কায়েদা মসজিদকে যুদ্ধক্ষেত্র বানায় না। আইএসের সাথে আল-কায়েদার কোনোরূপ সম্পর্ক না থাকা সত্ত্বেও সংশয় নিরসন করতে আল-কায়েদার নামে যদি কোনও গ্রুপ এমনটি করত, তবে কি আল-কায়েদা নিজের অবস্থান ব্যক্ত করত না?

কেউ বলতে পারে যে, সালেহ আফ্‌ফাশের ‘কায়েদাতু আফফাশ’ বলতে ভিন্ন কোনও আল-কায়েদা উদ্দেশ্য নয়। বরং এর উদ্দেশ্য হচ্ছে, আল-কায়েদার প্রথম

সারির কিছু নেতা সালেহের মিত্র। সালেহ তাদেরকে হয়তো বিভিন্ন সুযোগ-সুবিধা দিয়ে থাকে। প্রমাণ হিসেবে হয়তো নিম্নোক্ত ঘটনাবলী দেখানো হতে পারে-

- পলিটিকাল সিকিউরিটি অর্গানাইজেশনের কারাগার থেকে আল-কায়েদা সদস্যদের পালাতে সক্ষম হওয়া।
- স্বরাষ্ট্র মন্ত্রণালয় এরিয়ার উরজি হাসপাতালে হামলা চালানো।
- সানার সাবয়ীন প্রাঙ্গণে সেনাদের উপর হামলা।

প্রশ্নকারীর আরও অভিযোগ হলো, বিদ্রোহ চলাকালীন সময়ে সালেহ সরকার নাকি আবিয়ানের নিয়ন্ত্রণ স্বেচ্ছায় আল-কায়েদার হাতে ছেড়ে দিয়েছে। প্রমাণ হিসেবে আল জাজিরা চ্যানেলকে হাজির করা হতে পারে।

মুখরিবুল কায়েদা তথা আল-কায়েদার সংবাদদাতা শিরোনামে প্রচারিত তথ্যচিত্রে দাবি করা হয়েছে যে, আল-কায়েদার সিংহভাগ নেতা সালেহের অনুগত। সেখানে আরও দাবি করা হয় যে, ন্যাশনাল সিকিউরিটি অর্গানাইজেশনের প্রধান আম্মার মুহাম্মদ আল জাজিরাকে বলেছেন, তিনি এখন যে চেয়ারে বসেছেন পূর্বে সেখানে আল-কায়েদার ঊর্ধ্বতন কর্মকর্তারা বসতেন!!

বর্ণিত অভিযোগসমূহ একটি একটি করে খণ্ডন করা হবে ইনশাআল্লাহ।

আল-কায়েদার সিংহভাগ নেতা সালেহের অনুগত বলে আল জাজিরা যে সংবাদ প্রচার করেছে তা একেবারে ভিত্তিহীন। কারণ হিসেবে বলা যায় যে, তানজিম আল-কায়েদার জাজিরাতুল আরব শাখার প্রধান শাইখ আবু নাসের উহাইশীসহ অধিকাংশ নেতৃস্থানীয় ব্যক্তি আমেরিকা ও তার অনুগতদের (সালেহ নিজেও অন্তর্ভুক্ত) বিরুদ্ধে যুদ্ধ করতে করতে শাহাদাত বরণ করেছেন। বাস্তবেই যদি আল-কায়েদার নেতৃস্থানীয়দের মধ্যে সালেহের অনুগত কেউ থাকত তাহলে কিছুতেই তা গোপন থাকত না।

তাছাড়া এটা কি যৌক্তিক যে, চলা-ফেরা ও উঠা-বসায় যে লোকটি দীর্ঘদিন আল-কায়েদার সাথে থাকবে তার সন্দেহজনক গতিবিধি কারোরই নজরে পড়বে না? অথচ আল-কায়েদার অনুগত গোয়েন্দাবাহিনী শত্রু-গোয়েন্দাদের বহু রহস্য উদঘাটন করেছে এবং অনেককে নজরদারীর আওতায় এনেছে। আর যেসব শত্রু-

গোয়েন্দা কিছুটা সফল হয়েছে, তারা যা কিছু করতে পেরেছে তা হলো, আমেরিকার বিমানবাহিনীকে আমাদের অবস্থান জানানো, ঘটে যাওয়া কোনও ঘটনার রহস্য উদঘাটন অথবা কোনও গোপন তথ্য প্রেরণ। তবে পূর্বের অভিজ্ঞতায় দেখা গেছে, একসময় শত্রু-গোয়েন্দা ধরা পড়ে যায়।

সে যাইহোক, শুধু আল-কায়েদা কেন, বিশ্বের কোনও শক্তিশালী রাষ্ট্রই এ দাবী করতে পারবে না যে, তাদের মাঝে শত্রুদের কোনও গোয়েন্দা নেই। তবে এতটুকু জেনে রাখা উচিৎ যে, কোনও শত্রু-গোয়েন্দা আল-কায়েদার কেন্দ্রীয় নেতৃত্বে ঢুকতে পারে না। কারণ জিহাদ এবং জিহাদের জন্য ত্যাগ-তিতিক্ষাসহ সামগ্রিক বিষয়াবলীর খুঁটিনাটি গভীরভাবে পর্যবেক্ষণের পূর্বে কেউ আল-কায়েদার কেন্দ্রীয় নেতৃত্বে পৌঁছাতে পারে না। যেহেতু স্থানীয় ও আন্তর্জাতিক সকল গোয়েন্দা বাহিনীর প্রধান টার্গেট আল-কায়েদা, তাই দায়িত্বশীল বাছাইয়ের ক্ষেত্রে এতটা সতর্কতা অবলম্বন না করা হলে আল-কায়েদা অনেক আগেই তার আদর্শ ও গতিপথ থেকে বিচ্যুত হতো। এর অতিসাম্প্রতিক নজির হলো আইএস। তাদের কেন্দ্রীয় নেতৃত্বে এমন কিছু লোক পৌঁছাতে পেরেছে, যারা প্রান্তিক চেতনাধারী। তাদের মাঝে কতিপয় অজ্ঞ ব্যক্তিও রয়েছে। এমনকি নেতাদের মাঝে কতক রয়েছে শত্রুদের নিয়োগকৃত এজেন্ট। এখন আইএসের সার্বিক অবস্থা কোন পর্যায়ে নেমেছে তা কারও অজানা নয়।

পক্ষান্তরে আল-কায়েদা প্রায় দুই যুগ ধরে জিহাদের ময়দানে রয়েছে। তারা এখনো তাদের মূলনীতির উপর পূর্বের মতোই অবিচল। কোনও কিছু তাদেরকে কেন্দ্রবিন্দু থেকে চুল পরিমাণ এদিক-সেদিক করতে পারেনি। এর মাধ্যমে কি প্রমাণিত হয় না যে, এই দীর্ঘ সময়ে আল-কায়েদার কেন্দ্রীয় নেতৃত্বে অযাচিত অনুপ্রবেশের মতো কোনও ঘটনা ঘটেনি? যদি এমনটি হয়ে থাকত তাহলে অবশ্যই এর প্রভাব পড়ত আল-কায়েদার নীতি-আদর্শে ও কৌশলে।

শাইখ আবু হুরায়রা কাসিম আর-রিমীর বিরুদ্ধে সালেহের পক্ষে কাজ করার অপবাদ

অনেককে বলতে শোনা যায় যে, আলী আব্দুল্লাহ সালেহ ও ন্যাশনাল সিকিউরিটি অর্গানাইজেশনের প্রধান আম্মারের সাথে শাইখ কাসিমের গোপন সম্পর্ক রয়েছে এবং তারাই তাকে সুকৌশলে আল-কায়েদার নেতৃত্বে বসিয়েছে। এ ধরনের

প্রচারণায় আমি মোটেও বিস্মিত নই। কারণ এটি সিক্রেট এজেন্সির প্রচারণা এবং এ থেকে এরা ফায়দা লুটছে। এটি তাদের পুরনো কৌশল।

জেলখানায় থাকাকালে এসব নিজ কানে শুনেছি এবং নিজ চোখে দেখেছি। এসব প্রচারণার মাধ্যমে বহুবার তারা ভাইদের মাঝে বিভেদের বীজ বপনের অপচেষ্টা চালিয়েছে। তাই এসব প্রচারণায় আমি মোটেও বিস্মিত নই। তবে বিস্মিত হই সেইসব লোকের প্রতি যারা এসব উদ্দেশ্যপ্রণোদিত প্রচারণা নির্বোধের মতো বিশ্বাস করে।

শাইখ কাসিম আল-কায়েদার নেতৃত্বে উড়ে এসে জুড়ে বসেননি। তিনি পূর্ব থেকেই মুজাহিদগণের মাঝে পরিচিত। শাইখ কাসিম সালাফি ভাবধারায় পরিচালিত প্রতিষ্ঠান ইবনুস সানআনী থেকে প্রাতিষ্ঠানিক শিক্ষা সম্পন্ন করেন। তারপর চলে যান আফগানিস্তানে। সেখানে তিনি সামরিক প্রশিক্ষণ গ্রহণ করেন এবং জিহাদে অংশগ্রহণ করেন। পরবর্তীতে সেখানে আল-কায়েদার প্রশিক্ষণ শিবিরে প্রশিক্ষক হিসেবে নিয়োজিত হন। শাইখ উসামা ও শাইখ যাওয়াহিরী সহ আল-কায়েদার অনেক নেতৃবৃন্দের সাথে তার ব্যক্তিগত পরিচয় রয়েছে। আর ইয়েমেনে ছোট বড় সকল মুজাহিদের কাছে তিনি পরিচিত।

কতিপয় সিক্রেট এজেন্ট সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি পিকচার পোস্ট করেছে। তাতে দেখা যায় যে, সালেহের পাশে এক ব্যক্তি উপবিষ্ট। যারা ছবিটি পোস্ট করেছে, তাদের দাবি পাশের লোকটি শাইখ কাসিম রিমি। অথচ বাস্তবে শাইখের ছবির সাথে উক্ত ছবির সামান্যতম সাদৃশ্যও নেই। আর প্রকৃতই যদি সালেহের সাথে শাইখের সম্পর্ক থাকত তাহলে কি তিনি সালেহকে নিয়ে ক্যামেরার সামনে পোজ দিতেন? হায়রে বিবেক!

সানার পলিটিকাল সিকিউরিটি অর্গানাইজেশনের জেল থেকে মুজাহিদ ভাইদের পলায়ন

সালেহের সাথে আল-কায়েদার সম্পর্ক আছে বলে যারা প্রমাণ করতে চায় তারা বলে যে, সালেহই তাদের পলায়নের ব্যবস্থা করে দিয়েছে। নয়তো তারা সেখান থেকে পালাতে পারত না। তাদের কথা শুনে মনে হচ্ছে, জেল থেকে পালানোকে তারা অসম্ভব মনে করেন। তারা যদি ইনসাফের সাথে একটু খোঁজ নিতেন তাহলে দেখতে পেতেন যে, পলিটিকাল সিকিউরিটি অর্গানাইজেশনের চেয়ে হাজার গুন বেশি নিরাপদ জেল থেকেও পালানোর ঘটনা ঘটেছে।

শাইখ আবুল লাইস আল লীবি সৌদির রুয়াইস জেল থেকে পালাতে সক্ষম হয়েছেন, এর সিকিউরিটি ব্যবস্থা পলিটিকাল সিকিউরিটি অর্গানাইজেশন জেল থেকে শত গুনে উন্নত। তেমনি মার্কিন সেনাদের নিয়ন্ত্রিত বাগরাম জেল থেকে শাইখ আবু ইয়াহইয়া আল লীবি কতিপয় সঙ্গীসহ পালাতে সক্ষম হয়েছেন। অথচ বাগরাম জেল মার্কিন সেনাদের ঘাটির মাঝে অবস্থিত।

পলিটিকাল সিকিউরিটি অর্গানাইজেশনের (পি.এস.এ) যেই সেলে মুজাহিদ ভাইয়েরা ছিলেন, সেখান থেকে জেলখানার প্রাচীর ছিল সামান্য দূরত্বে। আমি নিজেও একসময় সেই জেলে ছিলাম বলে নিজ চোখে তা দেখেছি। ভাইদের পালানোর পর মার্কিন কর্তৃপক্ষ তদন্তের স্বার্থে সেই সেল সিলগালা করে দেয়। ইয়েমেনে সরকার বিরোধী বিদ্রোহের পর তা পুনরায় খোলা হয়। যদি মার্কিনীদের কাছে সালেহের সম্পৃক্ততা প্রমাণিত হতো তাহলে সে তাদের হাত থেকে রেহাই পেতো না। আমেরিকা এসব ক্ষেত্রে কোনও ছাড় দেয় না। জেলখানায় থাকা কতিপয় মুজাহিদ ভাইকে ঘটনাস্থলে এনে মার্কিনীরা বহুবার তদন্ত করেছে।

ভাইদের পালানোর পর পি.এস.এ-এর সাবেক চীফ গালিব আল-কামশ ঘোষণা দিয়েছেন যে, পালিয়ে যাওয়াদের মধ্যে যারা আত্মসমর্পণ করবে তাদেরকে ছেড়ে দেওয়া হবে। অনেক ভাই আত্মসমর্পণ করেছেন। গালিব প্রতিশ্রুতি মাফিক তাদেরকে ছেড়ে দেয়। তবে জামাল বাদাইর ব্যাপারে সে তার প্রতিশ্রুতি ভঙ্গ করে। সে তাকে বন্দি করে ফেলে। উল্লেখ্য, শাইখ আবু বাসীর উহাইশী, কাসিম রিমীসহ আরও অনেকে তাকে আত্মসমর্পণ করতে নিষেধ করেছিলেন। তিনি তাদের কথায় কর্ণপাত করেননি। ফলে গালিব তাকে আটক করতে সক্ষম হয়। তিনি এখন পর্যন্ত পি.এস.এ'র জেলে বন্দি আছেন।

আত্মসমর্পণকারী কতিপয় ভাইকে ছেড়ে দেওয়া ছিল গালিবের কৌশল। এর মাধ্যমে সে শাইখ আবু বাসীর, আবু হুরাইরা জামাল বাদাভী, গরীব তাইজী ও হামজা কুআইতীর মতো গুরুত্বপূর্ণ ব্যক্তিদেরকে আটক করতে চেয়েছিল। কারণ জেল থেকে পালানোর পর তারা গালিবদের জন্য নরকের দুয়ার খুলে দিয়েছিলেন। গালিবরা তা হাড়ে হাড়ে টের পাচ্ছিল। আর জামাল বাদাইতো মার্কিন ডেস্ট্রয়ার ইউএস কোলের অপারেশনে সরাসরি জড়িত ছিলেন।

প্রতিরক্ষা মন্ত্রণালয় ও উরজী হাসপাতালে হামলা

উক্ত হামলার মূল লক্ষ্য ছিল প্রতিরক্ষা মন্ত্রণালয়ের হেডকোয়ার্টার। এখান থেকেই ড্রোনগুলোকে নিয়ন্ত্রণ করা হয়। উক্ত হামলার প্রস্তুতি গ্রহণ ও পরিকল্পনার সময় ভাইয়েরা সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করেছিলেন, যেন কোনও নিরপরাধ মানুষের প্রাণহানি না ঘটে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের গেইট জনবসতির সন্নিকটে হওয়ায় বিস্ফোরক ব্যবহার করা হয়েছে তুলনামূলক কম। শুধু তাই নয়, একটি জানাজার কারণে সেখানে লোক সমাগম বেশি হওয়ায় হামলাকে একদিন পেছানো হয়েছে।

এক পর্যায়ে আমাদের নয় ভাই পরিকল্পনা মাফিক প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রবেশ করে। কিন্তু এক ভাই চলে যায় উরজী হাসপাতালে। হাসপাতালটি মন্ত্রণালয়ের ভেতরেই অবস্থিত। হাসপাতালের ক্লোজ সার্কিট টিভি ক্যামেরা তার হামলার চিত্র প্রকাশ করেছে। ইয়েমেনের বিপথগামী মিডিয়া তাদের স্বভাব অনুযায়ী কেবল সেই বিচ্ছিন্ন ভাইয়ের কর্মকাণ্ড প্রচার করেছে। আর হেডকোয়ার্টারে হামলাকারী অবশিষ্ট আট ভাইয়ের অপারেশনের বিষয়টি বেমালুম ভুলে গেছে।

উক্ত বিচ্ছিন্ন ভাই পরিকল্পনার বাহিরে গিয়ে হাসপাতাল ভবনে হামলা করার কারণে আল-কায়েদার সুনাম মারাত্মকভাবে ক্ষুণ্ণ হয়েছে। তবুও আল-কায়েদা উক্ত হামলার দায়ভার স্বীকার করেছে। অথচ এ বিষয়ে নীরব থাকা তাদের জন্য কঠিন কিছু ছিল না। আল্লাহর দরবারে জবাবদিহিতা এবং ইসলামি শরিয়াহমাফিক উক্ত হামলার যতটুকু দায়ভার বর্তায় তা বহন করার তাড়না থেকেই মূলত এই হামলার স্বীকারোক্তি।

১৪৩৫ হিজরির সফর মাসে আল-কায়েদার বিবৃতিতে বলা হয়েছে-

"ইয়েমেনী মিডিয়া যা প্রচার করেছে তা আমরা দেখেছি। এক সশস্ত্র ব্যক্তি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের হাসপাতালে হামলা করেছে। খালিদ বিন ওয়ালিদ যখন ভুলক্রমে সত্তর জনকে হত্যা করেছিলেন তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যা বলেছিলেন আমরাও তাই বলছি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছিলেন, 'হে আল্লাহ! খালিদ যা করেছে তার সাথে আমার কোনও সম্পর্ক নেই'। আমরাও বলছি, 'হে আল্লাহ! আমাদের এক ভাই যা করেছে তার সাথে আমাদের কোনও সম্পর্ক নেই'।

আমরা তাকে এমনটি করতে আদেশ করিনি। আমরা তার কাজে সন্তুষ্ট নই, বরং এ ঘটনায় আমরা ব্যথিত হয়েছি। আমরা এভাবে লড়াই করি না। এভাবে হামলা করতে কাউকে উৎসাহিত করি না। এটা আমাদের মানহাজ নয়। আমরা তো ভাইদেরকে সতর্ক করেছিলাম যে, হাসপাতাল ও মসজিদে কিছুতেই হামলা চালানো যাবে না। অতঃপর আমাদের আট ভাই সতর্ক হলো এবং এক ভাই সতর্ক হলো না। আল্লাহ তার উপর রহম করুন এবং তাকে ক্ষমা করুন।

আমরা অপরাধ ও ভুল স্বীকার করছি এবং হতাহতদের পরিবারের প্রতি আমাদের সমবেদনা জ্ঞাপন করছি। আপনাদের পরিবারের যারা হতাহত হয়েছে তাদেরকে আঘাত করার ইচ্ছা আমাদের আদৌ ছিল না। একে আমাদের দ্বীন সমর্থন করে না। তাছাড়া এমন হামলা আমাদের নীতিতেও নেই। হাসপাতালে হামলার ঘটনায় দিয়্যাত, ক্ষতিপূরণ, চিকিৎসা খরচসহ আনুষঙ্গিক বিষয়সমূহের ব্যয়ভার আমরা বহন করব। ইসলামি শরিয়াহ অনুযায়ী আরও যা যা করণীয় তার সবই আমরা করব। কারণ আমরা শরিয়তের প্রতি আহ্বানকারী; শরিয়তের ধ্বংসকারী নই”।

আমি নিজে সাক্ষী, উক্ত হামলার ব্যাপারে ভাইয়েরা আমার সাথে এবং আমার এক সঙ্গীর সাথে সাক্ষাত করত এবং পরিবারের সাথে দিয়্যাত সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে তাগাদা দিত।

যদি তারা দ্বীনের প্রকৃত অনুসারী না হতো তাহলে তারা ক্ষতিগ্রস্তদের পরিবারকে ক্ষতিপূরণের জন্য খুঁজে বেড়াত না। কারণ কেউই নিজ থেকে ক্ষতিপূরণ দাবি করে নি।

আল সাবিন স্কোয়ারে হামলা

যারা সালেহের সাথে আল-কায়েদার সম্পৃক্ততা প্রমাণ করার চেষ্টা করে তারা বলে, সালেহ সুযোগ না দিলে আল-কায়েদা সাবয়ীন প্রাঙ্গণে ঢুকতে পারত না।

আল-কায়েদার সক্ষমতা নিয়ে যারা চরম অজ্ঞতার শিকার কেবল তারাই এমন কথা বলতে পারে। আল-কায়েদা এর চেয়ে বহুগুণে সুরক্ষিত স্থানে হামলা চালাতে সক্ষম। এমনকি যে সকল তানজিম জিহাদি চেতনায় উদ্বুদ্ধ নয় তাদের দ্বারাও অনুরূপ হামলার ঘটনা ঘটেছে।

মিসরের আল জামাআতুল ইসলামিয়ার কতিপয় সদস্য আনোয়ার সাদাতের স্টেজের কাছে পৌঁছাতে সক্ষম হয়েছিল। সাদাত, হুসনে মোবারক ও অন্যান্য অফিসারদের সাথে সেই মঞ্চে বসা ছিল। তারা তাকে এদের মাঝেই হত্যা করেছিলেন।

বহুবার আল-কায়েদা নিরাপত্তা সংস্থা ও শত্রু সেনাদের মধ্য থেকে নিজেদের সদস্য সংগ্রহ করতে সক্ষম হয়েছে। যে ভাই সাবয়ীনে ইসতেশহাদী হামলা চালিয়েছেন তিনিও সেনাসদস্য ছিলেন। পরিকল্পনা ছিল স্টেজে অর্থাৎ সেনা অফিসারদের উপর হামলা চালানোর। সম্ভবত এই ভাই স্টেজে পৌঁছাতে পারেননি, ফলে সেনাদের মাঝেই বিস্ফোরণ ঘটিয়েছেন।

কিন্তু আশ্চর্যের বিষয় হল; সাবয়ীনে নিহত কেন্দ্রীয় নিরাপত্তা সেনাদের জন্য কিছু লোক মায়াকান্না করছে! এই সেনারা যখন আন্দোলনকারীদেরকে হত্যা করছিল, যখন জেলখানায় আমাদেরকে অমানুষিক শাস্তি দিচ্ছিল তখন তাদের মায়াকান্না কোথায় ছিল? আজও তারা আহলুস সুন্নাহকে হত্যা করছে। তারা এখন হুথিদের ক্রীড়ানকে পরিণত হয়েছে।

তাদের মায়াকান্না কেবল সেনাদের জন্যই সংরক্ষিত। এই সেনাদের হাতে নিহত সাধারণ মানুষ ও মুজাহিদদের জন্য কখনোই তাদের কান্না আসে না।

আবিয়ানের নিয়ন্ত্রণভার আল-কায়েদার হাতে কি সালেহ দিয়েছিল? ঈমানের বলে বলীয়ান মুজাহিদদের সামনে এ সকল সৈনিকরা যে কতটা দুর্বল তা অনেকেরই জানা নেই। মুজাহিদদের হাতে যখন শীতকালের পাতার মতো একের পর এক সেনাঘাটিগুলোর পতন ঘটে তখন অনেকে ভাবতে থাকে যে এটি কোনও চক্রান্ত। আবিয়ানে সালেহের সেনানিবাসের পতনেও এমনটি বলা হচ্ছে। অথচ আবিয়ান ও অন্যান্য অঞ্চলে আল-কায়েদার হাতে যে সকল সেনাঘাটির পতন ঘটেছে সেগুলোর কোনোটিতে হামলাকারী মুজাহিদের সংখ্যা একশ'র বেশি ছিল না। ৩৫নং ব্রিগেডের সেনাদেরকে মাত্র ত্রিশজন মুজাহিদ দীর্ঘদিন অবরোধ করে রেখেছিল। সালেহ এবং হাদীর আমলে মুজাহিদদের ছোট ছোট দলের হাতে বহু সেনাঘাটির পতন ঘটেছে। এগুলো কেউই অস্বীকার করে না।

ইয়েমেনের প্রেসিডেন্ট হাদী (বর্তমানে সৌদিতে নির্বাসিত) মনে করে যে, সে আল-কায়েদার হাত থেকে আবিয়ানকে মুক্ত করেছে। বস্তুত আল-কায়েদা নিজ থেকেই আবিয়ান ছেড়ে চলে গেছে। যেমনটি পূর্বে মুকাল্লায় দেখা গেছে। বেরিয়ে যাওয়ার

সময় আল-কায়েদা ছোটখাটো কিছু সংঘর্ষে জড়িয়েছে। এসবের উদ্দেশ্য ছিল বেরিয়ে যাওয়ার প্রক্রিয়া নিরাপদ রাখা। অন্যথায় আল-কায়েদা তো এখনো বিদ্যমান। আল-কায়েদাকে তারা শেষ করে দিচ্ছে না কেন?

অধিকৃত অঞ্চল থেকে আল-কায়েদা সুশৃঙ্খলভাবে সরে পড়েছে। কারণ সেখানে দীর্ঘ সময় নিয়ন্ত্রণ বজায় রাখা আল-কায়েদার উদ্দেশ্য ছিল না। তারা মূলত মানুষের কাছে তাদের দাওয়াহ পৌঁছাতে চেয়েছিল এবং ইসলামি শাসনব্যবস্থার একটি চিত্র মানুষের সামনে তুলে ধরতে চেয়েছিল। যাতে মানুষ ইসলামের ন্যায়-নিষ্ঠতা স্বচক্ষে প্রত্যক্ষ করতে পারে এবং বুঝতে পারে যে, শরিয়াহ থেকে দূরে থাকাই জুলুম, অত্যাচার ও পাপাচারের মূল কারণ।

আল-কায়েদার নামে আল জাজিরার মিথ্যাচার

আল জাজিরা চ্যানেলে আল-কায়েদা নিয়ে যে পরিমাণ মিথ্যাচার করা হয়েছে তার সবগুলোর আলোচনা এই সংক্ষিপ্ত পরিসরে সম্ভব নয়। আল জাজিরা প্রমাণ করতে চেয়েছে যে, সালেহের সাথে আল-কায়েদার সম্পৃক্ততা রয়েছে। ইতঃপূর্বে বিষয়টি খণ্ডন করা হয়েছে। তবে এখানে আরও কিছু কথা যোগ করা হলো-

আমেরিকার কাছে সন্ত্রাসবাদ বা জঙ্গিবাদ অত্যন্ত স্পর্শকাতর ইস্যু। এনিয়ে কোনও সরকারের লুকোচুরি তারা বরদাশত করে না। কোনওভাবে কারো সাথে এর সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেলে তা তারা শক্ত হাতে দমন করে। জঙ্গিবাদে অর্থায়নের অভিযোগে আমেরিকা বহু সংগঠনকে নিষিদ্ধ ঘোষণা করেছে। সেসব সংগঠন ও প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্ট জব্দ করেছে। আল হারামাইন ফাউন্ডেশনের মতো চ্যারিটি প্রতিষ্ঠানগুলো এর জ্বলন্ত প্রমাণ। আল-কায়েদার কোনো সদস্যের সাথে সামান্য যোগাযোগের উপর ভিত্তি করে অনেক শাইখের নাম কালো তালিকাভুক্ত করা হয়েছে। সুতরাং আল-কায়েদার সাথে সালেহের কোনও সম্পৃক্ততা যদি থাকত তাহলে সালেহ কিছুতেই আমেরিকার হাত থেকে রেহাই পেত না।

১০. আল-কায়েদা কি হুথিদের বিরুদ্ধে যুদ্ধ করছে? তাদের বিরুদ্ধে লড়াই করতে আল-কায়েদার কোনও ফ্রন্ট রয়েছে কি?

উত্তর : আল-কায়েদার বড় একটি লক্ষ্য হচ্ছে উম্মাহকে ব্যাপকভাবে জিহাদে অংশগ্রহণ করানো। এজন্য স্থানীয় শত্রুদের সাথে যথাসম্ভব সংঘর্ষ এড়িয়ে চলে এবং আমেরিকার বিরুদ্ধে যুদ্ধকে প্রাধান্য দেয়। কারণ আমেরিকাকে সবাই শত্রু মনে করে। তাদের বিরুদ্ধে যুদ্ধ করা অপরিহার্য হওয়ার ব্যাপারে সাধারণের মাঝে কোনো মতভেদ নেই।

আল-কায়েদার আরও একটি লক্ষ্য হচ্ছে, উম্মাহর দ্বীন, মর্যাদা ও তাদের ধন-সম্পদের হিফাজত করা। সুতরাং এসব লক্ষ্যে যারা আঘাত হানবে স্বভাবতই আল-কায়েদা তাদেরকে প্রতিহত করবে। হুথিদেরকে প্রতিরোধ করতে উম্মাহ্ যখন যুদ্ধ করছে তখন আল-কায়েদার পিছিয়ে থাকার প্রশ্নই আসে না।

সালাফিদের উপর যখন হুথিরা হামলা করল তখন তাদের সহায়তায় সর্বপ্রথম এগিয়ে এসেছিল আল-কায়েদা। কাতাফ অঞ্চলে হুথিদের সাথে যুদ্ধ করতে আল-কায়দার আলাদা ফ্রন্ট রয়েছে। হুথিদের বিরুদ্ধে অপারেশনসমূহের একটি হলো, বদরুদ্দিন হুথিকে হত্যার সফল অপারেশন। সে হুথিদের ধর্মগুরু ও আধ্যাত্মিক নেতা ছিল। তাকে হুথিদের বড় আলেমদের মাঝে গণ্য করা হতো।

রাদা, ইব্ব ও হুদাইদাতে আল-কায়েদা হুথিদের বিরুদ্ধে গেরিলা যুদ্ধ করেছে এবং হুথিদের বহু নেতা ও ক্যাডারকে হত্যা করতে সক্ষম হয়েছে। অপরদিকে হুথিরা হুদাইদাতে আল-কায়েদার কিছু সেল ভেঙ্গে দিতে সক্ষম হয়েছে। তাদের হামলায় বেশ কয়েকজন মুজাহিদ শাহাদাতবরণ করেছেন। সানায় হুথিদের উপর হামলাকারী স্লিপার সেলের বহু মুজাহিদ শাহাদাতবরণ করেছেন এবং অনেকে বন্দি হয়েছেন।

হুথিদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার পূর্বে তাইজে আল-কায়েদার বেশ কিছু ঘাটি ছিল। সেখানে মুজাহিদিনের হামলার টার্গেট ছিল সেইসব লোক যারা হুথিদের পক্ষে সৈন্য রিক্রুট করত। তাইজের বহু যুবক মুআজ মাশমাশার নাম জানে। হুথিদের জন্য সৈন্য রিক্রুটকারীদের উপর তিনি দীর্ঘদিন হামলা পরিচালনা করেছেন। হুথিরা তাইজ দখল করার পর তাদের সাথে এক লড়াইয়ে তিনি শাহাদাতবরণ করেন।

এডন, লাহিজ, শাবওয়াহ ও আবিয়ানে আল-কায়েদার ভাইয়েরা আহলে সুন্নাহর ভাইদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে যুদ্ধ করেছেন। তবে আল-কায়েদাকে আবদুল লতিফ সায়্যিদের অনুগত কতিপয় আবিয়ানবাসীর সাথেও যুদ্ধ করতে হয়েছে। আবদুল লতিফ ও তার সাঙ্গপাঙ্গরা পালানোর পর আল-কায়েদা আবিয়ানবাসীর সহায়তায় মনোযোগ দেয়।

ইতিপূর্বে লোডারের অধিবাসীরা বায়দা অঞ্চলে আল-কায়েদার বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়েছিল। তবে হুথিদের অগ্রাভিযানে ভীত হয়ে কতিপয় লোডার জেলার অধিবাসী আল-কায়েদার কাছে অনুরোধ করে যেন তাদেরকে বায়দা ও লোডারের মধ্যবর্তী আকাবা সারায় টহল দেওয়ার অনুমতি দেওয়া হয়। পূর্বের সবকিছু ভুলে গিয়ে হুথিদেরকে প্রতিহত করার লক্ষ্যে আল-কায়েদা তাদেরকে আকাবা সারায় টহল দেওয়ার অনুমতি দেয়।

তাইজে প্রথম থেকেই আল-কায়েদা যুদ্ধে অংশগ্রহণ করেছে। আল-কায়েদার ভাইয়েরা যখন তাইজে প্রবেশের সিদ্ধান্ত নিল তখন তারা একটি পথকে নিরাপদ ভেবে সে পথে অগ্রসর হলো। তখন আল হারাক আল জুনুবীর যোদ্ধারা তাদেরকে বাধা দেয় এবং তাদেরকে বন্দি করার চেষ্টা করে। এই ঘটনা যিনি বর্ণনা করেছেন তিনি এবং তার এক সঙ্গী প্রায় শত্রুদের নাগালের মধ্যে ছিলেন। আল্লাহর রহমত না হলে হয়তো তারা গ্রেফতার এড়াতে পারতেন না।

আল-কায়েদার ভাইরা তাইজে যখন প্রথম প্রশিক্ষণ শিবির চালু করেন তখন তা হুথিদের হামলার শিকার হয়। এতে দুই ভাই শাহাদাতবরণ করেন এবং অপর কয়েকজন আহত হন।

সেখানে তারা ফজরুল ইসলাম নামে একটি ম্যাগাজিন প্রকাশ করতেন। এতে বিভিন্ন অপারেশনের সংবাদ থাকত।

আল-কায়েদার নিজস্ব মিডিয়া 'আল মালাহিম' ভাইদের বেশ কিছু অপারেশনের ভিডিও প্রচার করেন। আশাকরি সেগুলো পুরোপুরি না হলেও আংশিকভাবে ইউটিউবে রয়েছে।

আসসিলো জেলায় প্রথম পর্যায়ে প্রবেশকারীদের সাথে আল-কায়েদার একটি দলও প্রবেশ করে। সেখানে তারা বেশ কিছু অপারেশন চালায়। শাইখ হাজামের উপর

তারাই হামলা চালায়। উক্ত 'শাইখ' ষড়যন্ত্র পাকাতে দারুন পটু। যারা সালেহের পক্ষে কাজ করত সে ছিল তাদের মুরুব্বী। ব্যাটালিয়ন ৩৫ এর নেতৃবৃন্দের হস্তক্ষেপে সে ছাড়া পায়।

বায়দা ও রাদায় এখনো পর্যন্ত আল-কায়েদার কয়েকটি ফ্রন্ট সক্রিয় রয়েছে। তারা আহলে সুন্নাহর বিভিন্ন গোত্রের সাথে তাদের তৎপরতায় শরিক রয়েছে। আর আমেরিকা বরাবরের মতোই উভয় অঞ্চলে বিমান বাহিনীর মাধ্যমে হুথিদের সাহায্য করে যাচ্ছে।

১১. যে সকল ইসলামি দল ও উলামা-মাশায়েখ আল-কায়েদার আদর্শের সাথে একমত নয়, তাদের ব্যাপারে আল-কায়েদার অবস্থান কি?

উত্তর : এই প্রশ্নের উত্তর ডক্টর আইমান আয যাওয়াহিরী হাফিযাহুল্লাহ এর কাছ থেকে জেনে নেওয়া যাক। বিশ্বব্যাপী আল-কায়েদার সকল শাখার প্রতি দিক-নির্দেশনা দিতে গিয়ে তিনি লিখেন-

অপরাপর ইসলামি দলসমূহের ব্যাপারে আল-কায়েদার অবস্থান

১১. ইসলামি দলসমূহের ব্যাপারে আমাদের অবস্থান-

- যেসব বিষয়ে আমরা একমত সেসব বিষয়ে সহযোগিতা বিনিময় করব। মতবিরোধের ক্ষেত্রে সদুপদেশ দিবো।
- ইসলামের শত্রুদের সাথে লড়াইকে অগ্রাধিকার দিবো। তাই কোনও ইসলামি দলের সাথে মতবিরোধের ফলে শত্রুদেরকে সামরিক, বুদ্ধিবৃত্তিক, নৈতিক ও দাওয়াতী কার্যক্রমের মাধ্যমে পরাজিত করার নীতি থেকে সরে আসব না।
- তারা যখন সঠিক বলবেন তখন তাদেরকে আমরা সমর্থন করব এবং তাদের প্রতি কৃতজ্ঞ থাকব। আর তারা ভুলের শিকার হলে সদুপদেশ দেব; গোপন ভুলের ক্ষেত্রে গোপনে এবং প্রকাশ্য ভুলের ক্ষেত্রে প্রকাশ্যে। এক্ষেত্রে পূর্ণ ভাবগাম্ভির্যতা রক্ষা করব এবং ইলমী ভাষায় উপদেশ দেব। ব্যক্তিগতভাবে কাউকে হেয় করা

থেকে বিরত থাকব। কেননা ব্যক্তিগত আক্রমণের তুলনায় দলিল নির্ভর কথাই বেশি প্রভাব সৃষ্টি করে।

১২. আল-কায়েদার কেউ যদি দল ত্যাগ করে তাহলে কি আল-কায়েদা তাকে হত্যা করে?

উত্তর : আল-কায়েদা একটি আদর্শভিত্তিক দল। এই আদর্শের মাধ্যমে আল-কায়েদা আল্লাহর জমিনে আল্লাহর বিধান প্রতিষ্ঠার জন্য কাজ করছে। তাদের মুখ্য বিষয় হলো লক্ষ্যে পৌঁছা। তা আল-কায়েদার মাধ্যমে হোক চাই অন্য কোনও দলের মাধ্যমে। উক্ত লক্ষ্যে পৌঁছাতে আল-কায়েদা মানুষকে তাদের দলে শামিল হতে উৎসাহিত করে। যারা উক্ত চেতনা ধারণ করে ও দলে শামিল হয় তাদের কারণে আল-কায়েদা আনন্দিত হয়। তারপর যারা প্রতিশ্রুতি ভঙ্গ করে অথবা শিথিলতা প্রদর্শন করে সে নিজে কল্যাণ থেকে বঞ্চিত হয়।

তবে এজন্য সে ইসলাম থেকে বের হয়ে যায় না, বরং সে এমন একটি জামাআহ থেকে বেরিয়ে গেল যারা ইসলাম প্রতিষ্ঠার জন্য কাজ করছে। সুতরাং এখানে এমন কিছু নেই যার কারণে সে হত্যার উপযুক্ত হতে পারে।

এসব কল্পিত প্রশ্নের স্রষ্টা হল গোয়েন্দা বিভাগের লোকেরা। তারা বুঝতে পেরেছে, আল-কায়েদার সাথে তাদের লড়াই মূলত অস্তিত্বের লড়াই। এজন্যই তারা অবান্তর প্রশ্ন তুলে মুসলিম উম্মাহ ও আল-কায়েদার মাঝে দূরত্ব সৃষ্টি করতে চায়। যাতে মানুষ আল-কায়েদার আহ্বানে সাড়া না দেয়।

আমি লক্ষ্য করেছি, যেসব এলাকায় আল-কায়েদার কর্তৃত্ব প্রতিষ্ঠিত আছে, সেখানে গোয়েন্দা বিভাগের লোকদের দৃশ্যমান কোনও তৎপরতা নেই। হয়তো আল-কায়েদা থাকবে, নয়তো গোয়েন্দা বিভাগের লোকজন।

১৩. আল-কায়েদা কি তার মুজাহিদগণকে ইসতিশহাদী হামলা করতে বাধ্য করে?

উত্তর : আলেমগণের প্রণীত কঠোর নীতিমালার ভিত্তিতে আল-কায়েদা ইসতেশহাদী হামলাকে বৈধ মনে করে। তবে মাসআলাটি ইজতেহাদী। এখানে যে কারো মতবিরোধ থাকতে পারে। তাই আল-কায়েদা তার মুজাহিদগণকে ইসতেশহাদী

হামলা করতে বাধ্য করা তো দূরের কথা, এই হামলাকে জায়েজ বলে বিশ্বাস করতেও চাপ দেয় না।

১৪. তাইজে গুপ্তহত্যা ও লুটতরাজের জন্য কারা দায়ী? এর সাথে আল-কায়েদার কোনও সম্পর্ক ছিল কি?

উত্তর : আল-কায়েদা এসব ঘৃণ্য কর্মকাণ্ডে বিশ্বাসী নয়। এ ধরনের এলোপাথাড়ি কাজে তারা কখনোই অগ্রসর হয় না। আল-কায়েদা একটি আদর্শভিত্তিক দল। তারা মানুষের কাছে নিজেদের দাওয়াহ ও বার্তা পৌঁছাতে চায়। কিতাল তাদের চূড়ান্ত লক্ষ্য নয়, বরং এটি শরিয়াহ প্রতিষ্ঠার শরয়ী মাধ্যম।

তেমনি যারা আল-কায়েদার দৃষ্টিতে কতলের উপযুক্ত তারা তাদের সকলকেই হত্যা করে না। এর বহুবিধ কারণ রয়েছে। একবারের ঘটনা, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এক ব্যক্তি বলল, হে মুহাম্মদ! আপনি ইনসাফ করুন, কারণ আপনি ইনসাফ করেননি। এ ধরনের কথা রাসূল-অবমাননার শামিল এবং এটি কুফরি বাক্য। এর ফলে সে কতলের উপযুক্ত হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ছেড়ে দেন। কারণ তাকে হত্যা করা হলে মানুষের উপর এর বিরূপ প্রভাব পড়তে পারত। মানুষ বলাবলি করত যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার সঙ্গীদেরকে হত্যা করে।

সুতরাং হত্যার উপযুক্ত হওয়া সত্ত্বেও যারা কখনো হত্যা করা থেকে বিরত থাকে তাদের ক্ষেত্রে এই অভিযোগ উত্থাপন করা কি যৌক্তিক হবে যে, কেবল দল থেকে বেরিয়ে যাওয়ার কারণে তারা হত্যা করে! তেমনি সেনাবাহিনীতে ভর্তি হওয়াই কুফরি নয়, যদি না কুফরির পর্যায়ভুক্ত কোনও সমস্যা পরিলক্ষিত হয়।

একবার আমাকে অবহিত করা হলো যে, আমাদের কতিপয় ভাই হাসসাম বিগ্রেডের প্রধান আদনান জুরাইককে তাকফির করে, কারণ সে সেনাবাহিনীতে যোগ দিয়েছে। আমি তাদেরকে বললাম, শুধু সেনাবাহিনীতে যোগ দেওয়া কুফরির কারণ নয়। কাফেরকে মুসলিমের বিরুদ্ধে সাহায্য করা বা কাফেরকে কুফরি কাজে সাহায্য করাই মূল বিষয়। উক্ত কারণ কারো মধ্যে পাওয়া গেলে আমরা তার উপর কুফরির হুকুম আরোপ করব। আদনান জুরাইক হুথিদের বিরুদ্ধে যুদ্ধ করছে। এর মাধ্যমে সে

কাফেরকে মুসলিমের বিরুদ্ধে সাহায্য করা বা কাফেরকে কুফরির উপর সাহায্য করার মতো কিছু করছে না। সুতরাং তাকে তাকফির করার যৌক্তিকতা ও বৈধতা কোথায়?

বস্তুত তাইজের লুটতরাজ ও গুপ্তহত্যার সাথে আল-কায়েদার কোনোই সম্পর্ক নেই। এসব আইএসের কাজ, অথবা এমন কারো কাজ যাকে বাড়াবাড়ির কারণে পূর্বেই আল-কায়েদা থেকে বহিষ্কার করা হয়েছে।

এখানে আমি একটি বিষয় উল্লেখ করতে চাই যে, আমরা তাইজে প্রবেশ করার পর সেখানকার পরিস্থিতি কঠোরভাবে বিবেচনায় রেখেছি। তাইজকে এমন সব কর্মকাণ্ড থেকে নিরাপদ রাখতে চেষ্টা করেছি, যেসবের কারণে মার্কিনীরা তাদের সন্ত্রাসবাদ তত্ত্বের অভিযোগ উত্থাপন করতে পারে। তাইজে প্রবেশকালে আল-কায়েদার আমীরের উপস্থিতিতে প্রতিরোধ-যোদ্ধাদের উঁচু পর্যায়ের একজন কমান্ডারকে বলেছিলাম, আমরা আপনাদের কোনও ক্ষতি করব না। আপনাদের মনকষ্টের দিকে লক্ষ্য করে আমরা আমাদের পতাকাও উত্তোলন করব না। আমরা আমাদের অঙ্গীকার পূর্ণ করেছিলাম। আমাদের অধিকৃত অঞ্চল ও গাড়িতে পর্যন্ত আমরা আল-কায়েদার পতাকা উত্তোলন করিনি।

তাইজে আহলে সুন্নাহর উপর হুথিদের হামলা প্রতিহত করা ছিল আমাদের অগ্রাধিকার। হামাসের অধিবাসী অনেক ভাই তাইজে সামাজিক কিছু পাপাচার প্রতিরোধ করার প্রতি মনোযোগ দিতে চেয়েছিল, কিন্তু আল-কায়েদার নেতৃবৃন্দ আপাতত এধরণের কাজে জড়াতে নিষেধ করলেন। কেননা তুলনামূলক বড় সমস্যা থেকে তাইজকে মুক্ত করাই ছিল ফিকহুল মুয়াজানাতের দাবী।

তেমনি গনিমতের মাল বন্টন নিয়ে যখন সীমালঙ্ঘন পরিলক্ষিত হলো তখন আল-কায়েদার নেতৃবৃন্দ তা বন্টন করতে নিষেধ করলেন এবং এ ব্যাপারে নেতৃবৃন্দ কঠোর অবস্থান গ্রহণ করেন, এমনকি কিছু সদস্যকে চূড়ান্তভাবে বহিষ্কার করা হয়।

প্রতিরোধ-যোদ্ধাদের কয়েকটি গ্রুপ যখন হায়েল সাঈদ পরিবারের বিপুল সম্পদ হাতিয়ে নিতে শুরু করে এবং সন্দেহের তর্জনী তাক করা হয় আল-কায়েদার দিকে, তখন আল-কায়েদা এ বিষয়ে বিবৃতি প্রকাশ করে যে, আমাদের সাথে এই ঘটনার সাথে কোন সম্পর্ক নেই, মুসলিমদের সম্পদ হাতিয়ে নেওয়া আল-কায়েদা বৈধ মনে করে না।

এসব দখলদারিত্ব ও অযাচিত হস্তক্ষেপ প্রতিরোধ করতে আল-কায়েদা প্রতিরোধ যোদ্ধাদের অপরাপর দলসমূহের সাথে মিলে একটি শক্তিশালী ফ্রন্ট গঠনের জন্য সাধ্যমত চেষ্টা করেছে। প্রতিরোধ যোদ্ধাদের দুজন ঊর্ধ্বতন নেতা মুমিন মিখলাফী এবং আম্মার জুনদুবী আল-কায়েদার উক্ত মহৎ প্রচেষ্টার কথা এখনো স্মরণ করেন।

তাইজে প্রবেশকালে আমরা সংকল্প করেছিলাম যে, আহলে সুন্নাহর ভাইদের জন্য ভালো কিছু করব। এজন্য আমরা সাধ্যমত চেষ্টা করেছি। সকল গোত্রের সাথে আমরা ভ্রাতৃত্বপূর্ণ ও সহযোগিতামূলক আচরণ করেছি। যারা আমাদেরকে কাছ থেকে দেখেছেন তারা ভালো করেই জানেন যে, তাইজের অরাজকতার সঙ্গে আমাদের দূরতম সম্পর্কও নেই।

আরও একটি গুরুত্বপূর্ণ বিষয় আহলে সুন্নাহর ভাইদের জানা থাকা উচিৎ- আইএস তাইজে যেসব অপকর্ম করেছে তা তারা একা করেনি। বরং তাদের সাথে প্রতিরোধ যোদ্ধাদের কয়েকটি দল ও তাদের কিছু নেতৃবর্গও ছিল। এখানে তাদের নাম উল্লেখ করা সমীচীন হবে না। তাদের কর্মকাণ্ড সম্পর্কে আমার ভালোই জানা আছে। যাইহোক, এসব নেতাদের উদ্দেশ্য ছিল জিহাদের নামে অপকর্ম করে জিহাদের ব্যাপারে মানুষকে বীতশ্রদ্ধ করা। এসব নেতাদের পেছনে ছিল সেইসব রাষ্ট্রের ইন্টেলিজেন্স সার্ভিস, যারা তাইজ ও তাইজবাসীর মঙ্গল চায় না, বরং তাইজকে অকৃতকার্য ভূখণ্ড হিসেবে দেখতে চায়।

প্রশ্নোত্তর পর্ব এখানেই শেষ।

জিহাদের সাধারণ দিক-নির্দেশনা

আল-কায়েদার সকল শাখার প্রতি ডক্টর আইমান আজ যাওয়াহিরী হাফিযাহুল্লাহ এর দেওয়া দিকনির্দেশনার মাধ্যমে আলোচনা শেষ করব।

১. সর্বসাধারণকে জিহাদের প্রতি উদ্বুদ্ধ করার লক্ষ্যে তাদের সচেতনতা বৃদ্ধি করা। নবীন মুজাহিদগণকে বিশুদ্ধ আকিদায় বিশ্বাসী, সুশৃঙ্খল, একাগ্র ও ঐক্যবদ্ধশক্তি রূপে গড়ে তোলার প্রতি গুরুত্বারোপ করা। তাদেরকে হতে হবে ইসলামি আকিদা ও ইসলামি শরিয়ার অনুসারী। মুমিনদের সামনে তারা হবে দয়াশীল ও নম্র।

কাফেরদের সামনে তারা হবে ইস্পাত কঠিন। জিহাদি দলসমূহ থেকে ইলমী ও দাওয়াতী কার্যক্রমের জন্য মেধাবীদেরকে খুঁজে বের করতে পদক্ষেপ গ্রহণ করা।

২. কুফরিবিশ্বের মোড়ল রাষ্ট্রকে সামরিক, অর্থনৈতিক ও জনবলের দিক থেকে ধীরে ধীরে নিঃশেষ করতে সামরিক কার্যক্রমের উপর জোড় দেওয়া। ইনশাআল্লাহ অচিরেই তারা পিছু হটতে বাধ্য হবে। প্রত্যেক মুজাহিদের জানা থাকা উচিৎ যে, বিশ্বের যে কোনও স্থানে ইহুদি-খৃস্টান জোটের স্বার্থে আঘাত হানা তাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কর্তব্য। তারা যেন এজন্য সাধ্যমত চেষ্টা চালায়। এর সাথে সংশ্লিষ্ট আরও একটি বিষয় হচ্ছে, মুসলিম বন্দীদেরকে উদ্ধার করতে চেষ্টা চালানো। যেমন, জেলখানায় হামলা করা। মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণকারী দেশসমূহের মধ্য থেকে পনবন্দী করার চেষ্টা করা। যাতে বন্দী-বিনিময় সম্ভব হয়।

কুফরি বিশ্বের নেতৃত্বদানকারী রাষ্ট্রের বিষয়ে গুরুত্বারোপের অর্থ এই নয় যে, জালিমদের বিরুদ্ধে নির্যাতিত মুসলিম জনগোষ্ঠীগুলো যুদ্ধ করতে পারবে না। রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ করার অধিকার কাউকাজের রয়েছে; হিন্দুদের বিরুদ্ধে যুদ্ধ করার অধিকার কাশ্মীরী ভাইদের রয়েছে; চায়নাদের বিরুদ্ধে যুদ্ধ করার অধিকার পূর্ব তুর্কিস্তানের রয়েছে। তেমনি বার্মা, ফিলিপাইনসহ বিশ্বের নির্যাতিত প্রত্যেক মুসলিম জনগোষ্ঠীর অধিকার রয়েছে জুলুমকারীর বিরুদ্ধে জিহাদ করার।

৩. পারতপক্ষে স্থানীয় শত্রুর বিরুদ্ধে যুদ্ধে না জড়ানো। তবে বাধ্য করা হলে ভিন্ন কথা। ব্যতিক্রম হবে সেসকল ক্ষেত্রে - যেখানে স্থানীয় সরকার মার্কিন শক্তির অংশবিশেষে পরিণত হয়, যেমনটি ঘটেছে আফগান সরকারের বেলায়। অথবা যদি স্থানীয় সরকার আমেরিকার হয়ে মুজাহিদগণের বিরুদ্ধে যুদ্ধ করে, যেমনটি ঘটেছে সোমালিয়া ও জাজিরাতুল আরবে। অথবা যদি স্থানীয় সরকার কোনোভাবেই মুজাহিদগণকে বরদাশত না করে অর্থাৎ জিরো-টলারেন্স হয় যেমনটি দেখা যায় শাম, ইরাক ও মরক্কোয়।

মূলত স্থানীয় শত্রুর সাথে লড়াইয়ে না জড়ানোই আমাদের নীতি। তবে লড়াই ছাড়া যদি কোনও উপায় না থাকে তাহলে জনগণকে অবগত করতে হবে যে, আমাদের এই লড়াই প্রকৃত বিচারে খৃস্টানদের বিরুদ্ধে লড়াইয়েরই অংশ।

অতঃপর যখনই এই সংঘাত থেকে বেরিয়ে আসার সুযোগ হবে তখন সেই সুযোগকে লুফে নিতে হবে এবং মানুষের মাঝে দাওয়াহর প্রসার ঘটাতে হবে। জিহাদের জন্য

তাদেরকে উদ্বুদ্ধ করতে হবে। যোদ্ধা ও সাদাকাত সংগ্রহ করতে হবে, কারণ আমাদের জিহাদ দীর্ঘ মেয়াদী। জনবল, অর্থবল ও সক্ষমতা অর্জন ছাড়া তা দীর্ঘ সময় চালিয়ে যাওয়া সম্ভব হবে না।

খৃস্টানদের পক্ষ হয়ে যে সকল স্থানীয় সরকার মুজাহিদদের উপর হামলার ধৃষ্টতা দেখায় তাদেরকে এতটুকু শায়েস্তা করা দোষের কিছু নেয়, যতটুকুতে তারা টের পাবে যে, আমাদেরকে টার্গেট করার ফল শুভ নয়। প্রতিটি ক্রিয়ারই পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে এবং অবশ্যই রয়েছে উপযুক্ত সময়। মুজাহিদগণের প্রতিটি ফ্রন্টের জন্যই এ নীতি প্রযোজ্য। তবে পরিবেশ পরিস্থিতি বিবেচনায় রাখা আবশ্যক।

৪. রাফেজী, ইসমাইলী, কাদিয়ানী, ভণ্ড পীর-ফকিরসহ বাতিল ফিরকাগুলোর সাথে লড়াইয়ে প্রবৃত্ত না হওয়া, তবে তারা যদি আমাদের বিরুদ্ধে অস্ত্র ধারণ করে তবে ভিন্ন কথা। এক্ষেত্রে যারা আমাদের উপর হামলা করবে আমরা কেবল তাদের বিরুদ্ধেই যুদ্ধ করব। তাদের পরিবার-পরিজনের উপর, তাদের বাসগৃহে হামলা করা থেকে বিরত থাকা। তাদের উপাসনালয়, উৎসবস্থল এবং তাদের ধর্মীয় জামায়েতের উপর হামলা করা যাবে না। তবে তাদের বিকৃত ও ভ্রান্ত আকিদাসমূহের অসারতা প্রমাণের তৎপরতা অব্যাহত থাকবে।

মুজাহিদগণের অধিকৃত অঞ্চলে বাতিল ফিরকাগুলোর সাথে হিকমতপূর্ণ আচরণ করা। দাওয়াহ, সংশয় নিরসন ও সচেতনতা বৃদ্ধির কার্যক্রম চালু রাখা। আমর বিল মারুফ ওয়া নাহি আনিল মুনকারের ক্ষেত্রে মনে রাখতে হবে যেন ছোট মুনকারের প্রতিরোধ বড় মুনকারের কারণ না হয়। যেমন, মুজাহিদগণ অধিকৃত অঞ্চল থেকে সরে যাওয়ার মতো পরিস্থিতি সৃষ্টি হওয়া, গণ- অসন্তোষ দেখা দেওয়া, অথবা এমন কোনও ফিতনা ছড়িয়ে পড়া, যাকে শত্রুরা উক্ত অঞ্চলের উপর দখলদারিত্ব প্রতিষ্ঠার অজুহাত হিসেবে ব্যবহার করতে পারে।

৫. ইসলামি রাষ্ট্রে বসবাসরত খৃস্টান, শিখ ও হিন্দুদের পেছনে লেগে না থাকা। তবে তারা যদি কোনও বাড়াবাড়ি করে তাহলে তাদেরকে জবাব দেওয়া এবং জবাব দেওয়ার ক্ষেত্রে বাড়াবাড়ি না করা। আর মানুষকে জানিয়ে দেওয়া যে, সংঘাতের সূচনা আমরা করিনি। আমরা তাদেরকে নিয়ে শান্তিপূর্ণভাবে বসবাস করতে চাই। আমরা তো কেবল কুফরি শক্তির নেতৃত্বদানকারী রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত।

৬. আমাদের বিরুদ্ধে যারা অস্ত্র ধারণ করেনি আমরা তাদের সাথে লড়াই থেকে বিরত থাকব। মৌলিকভাবে আমরা লড়াই করব খ্রিষ্টান-জোটের সাথে এবং তাদের পক্ষ থেকে নিযুক্ত স্থানীয়দের সাথে।

৭. যে সকল গোত্র আমাদের বিরুদ্ধ যুদ্ধ করবে যদি সেই গোত্রে এমন কেউ থাকে যে যুদ্ধ করে না, তাহলে আমরা তাকে টার্গেট করব না।

৮. বিস্ফোরণ, হত্যা, অপহরণ, সম্পদের ক্ষতিসাধন ইত্যাদির মাধ্যমে কোনো মুসলিমকে কষ্ট দেওয়া যাবে না।

৯. মসজিদে, বাজারে বা গণজমায়েতে মিশে থাকা শত্রুর উপর হামলা করব না। তেমনি যেসব লোক আমাদের বিরুদ্ধে যুদ্ধ করছে না, যদি শত্রু তাদের মাঝে থাকে তাহলে তার উপর হামলা করব না।

১০. উলামায়ে কেরামকে সম্মান করব, তাদেরকে আগলে রাখব। তারা নবীগণের ওয়ারিশ ও উম্মাহর পথপ্রদর্শক। আলেমদের মধ্য থেকে যারা প্রকাশ্যে হক কথা বলছেন এবং এজন্য ত্যাগ স্বীকার করছেন তাদের ক্ষেত্রে একথা আরও জোরালোভাবে প্রযোজ্য। আর উলামায়ে সু'র বিরুদ্ধে আমাদের তৎপরতা তাদের ছড়ানো সংশয় নিরসনের মাঝে সীমাবদ্ধ করবো। তবে যদি তারা মুসলিমদের বিরুদ্ধ লড়াইয়ে নামে তাহলে ভিন্ন কথা।

১১. ইসলামি দলসমূহের ব্যাপারে আমাদের অবস্থান-

- যেসব বিষয়ে আমরা একমত সেসব বিষয়ে সহযোগিতা বিনিময় করব। মতবিরোধের ক্ষেত্রে সদুপদেশ দিবো।

- ইসলামের শত্রুদের সাথে লড়াইকে অগ্রাধিকার দিবো। তাই কোনও ইসলামি দলের সাথে মতবিরোধের ফলে শত্রুদেরকে সামরিক, বুদ্ধিবৃত্তিক, নৈতিক ও দাওয়াতী কার্যক্রমের মাধ্যমে পরাজিত করার নীতি থেকে সরে আসব না।

- তারা যখন সঠিক বলবেন তখন তাদেরকে আমরা সমর্থন করব এবং তাদের প্রতি কৃতজ্ঞ থাকব। আর তারা ভুলের শিকার হলে সদুপদেশ দেব; গোপন ভুলের ক্ষেত্রে গোপনে এবং প্রকাশ্য ভুলের ক্ষেত্রে

প্রকাশ্যে। এক্ষেত্রে পূর্ণ ভাবগাম্ভির্যতা রক্ষা করব এবং ইলমী ভাষায় উপদেশ দেব। ব্যক্তিগতভাবে কাউকে হেয় করা থেকে বিরত থাকব।

- ইসলাম নামধারী কোনও দল যদি শত্রুদের ফাঁদে পা দেয় এবং তাদের পক্ষে লড়াই করে তাহলে তাদেরকে ততটুকুই জবাব দেব যতটুকু না দিলেই নয়। এর মাধ্যমে ফিতনার দরজা বন্ধ হবে এবং যারা এখনো শত্রুদের সাথে হাত মেলায়নি তারা ক্ষতির হাত থেকে রক্ষা পাবে।

১২. জালিমের বিরুদ্ধে মাজলুমের বিদ্রোহের ব্যাপারে আমাদের অবস্থান-

- মাজলুমদের বিদ্রোহকে সমর্থন করা, কারণ মাজলুমকে সাহায্য করা শরিয়তের দৃষ্টিতে ওয়াজিব।

- অংশগ্রহণ, কারণ মজলুমের বিদ্রোহ সৎকাজের আদেশ ও অসৎ কাজ থেকে নিষেধের অন্তর্ভুক্ত। উল্লেখ্য, আমর বিল মারুফ ওয়া নাহি আনিল মুনকার শরিয়তের দৃষ্টিতে ফরজ।

- দিকনির্দেশনা দান, বিদ্রোহীদেরকে এই কথা জানানো যে, কাজের চূড়ান্ত লক্ষ্য হওয়া উচিৎ শরিয়াহর অনুশাসন মেনে তাওহিদ প্রতিষ্ঠা করা, ইসলামি নেযাম ও ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠা করা।

১৩. যে কেউ অধিকার বঞ্চিত মুসলিমদের পক্ষাবলম্বন করবে এবং কথা বা কাজের মাধ্যমে জালেমদের বিরোধিতা করবে তাকে সমর্থন করা এবং সাহস যোগানো। যতদিন তাদের এই সহযোগিতা অব্যাহত থাকবে ততদিন আমরা তাদের উপর আক্রমণ করবো না এবং তাদের সমালোচনা করবো না।

১৪. মুসলিমদের হক সংরক্ষণ করা। তাদের পবিত্রতা ও মর্যাদা রক্ষা করা।

১৫. মুসলিম-অমুসলিম নির্বিশেষে প্রত্যেক নির্যাতিত মানুষের পক্ষ নিয়ে প্রতিশোধ গ্রহণ করা। যারা মাজলুমের পাশে দাঁড়ায় তারা অমুসলিম হলেও তাদের সমর্থন করা এবং সাহায্য করা।

১৬. মুজাহিদগণের উপর কোনও অপবাদ আরোপ বা মিথ্যা অভিযোগ উত্থাপন করা হলে গুরুত্বের সাথে তা খণ্ডন করা। যদি জানা যায় যে, মুজাহিদগণের কারো মাধ্যমে

অন্যায় কিছু সংঘটিত হয়েছে, তাহলে ইসতিগফার করা এবং অপরাধীর অপরাধ থেকে বারাআত (সম্পর্কহীনতা) ঘোষণা করা।

১৭. আল-কায়েদার নেতৃবৃন্দ, আল-কায়েদার হিতাকাঙ্ক্ষী ও সমমনা প্রতিটি দলের আমীরগণের কাছে অনুরোধ করব, যেন তারা উক্ত দিকনির্দেশনাসমূহ নিজেদের দায়িত্বশীল ও সদস্যদের মাঝে ছড়িয়ে দেন। জিহাদের বর্তমান পরিস্থিতিতে শরিয়ার আলোকে ইজতিহাদের মাধ্যমে এসব কর্মনীতি প্রণয়ন করা হয়েছে। আশাকরি, আল্লাহর মেহেরবানীতে এগুলো কল্যাণকর হবে এবং অকল্যাণ ও বিশৃঙ্খলা প্রতিরোধে সহায়ক হবে।

والحمد لله رب العلمين وصلى الله على نبينا محمدو اله وصحبه وسلم

*****